ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
মাদরাসা পরিদর্শন দফতর
www.iau.edu.bd iauins13@gmail.com
বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/ঢা-৪৮/২০১৬/১৫০৬৫

তারিখ: ০৪ ভাদ্র ১৪৩২ বঙ্গাব্দ
১৯ আগস্ট ২০২৫ খ্রিষ্টাব্দ

## অফিস আদেশ

হয়বতনগর এ. ইউ. কামিল মাদরাসা, ডাকঘর: কিশোরগঞ্জ, উপজেলা: কিশোরগঞ্জ, জেলা: কিশোরগঞ্জ-এর কামিল (স্নাতকোত্তর) ২ বছর মেয়াদি হাদিস বিভাগের অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষের ২৪-০৪-২০২৫ তারিখের দাখিলকৃত আবেদন ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি নবায়ন সংক্রান্ত তৃতীয় সংবিধি ২০২৩ অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট পরিদর্শন কমিটির দাখিলকৃত প্রতিবেদনের পরিপ্রেক্ষিতে মাদরাসাটির কামিল (স্নাতকোত্তর) ২ বছর মেয়াদি হাদিস বিভাগ নিম্নবর্ণিত শর্তে ০১-০৭-২০২৫ থেকে ৩০-০৬-২০২৭ তারিখ পর্যন্ত ০২ (দুই) বছরের জন্য অধিভুক্তি নবায়ন প্রদান করা হলো:

শর্তসমূহ :

১) দ্রুত সময়ের মধ্যে উপাধ্যক্ষ নিয়োগ করতে হবে;
২) অতি দ্রুত ক্যাশবই হালনাগাদ করতে হবে এবং ভাউচারগুলো নম্বরভিত্তিক সংরক্ষণ করতে হবে;
৩) জরুরিভিত্তিতে উপজেলা ভূমি কমিশনার কর্তৃক মাদরাসার অখন্ড জমির হালনাগাদ সনদ বিশ্ববিদ্যালয়ে জমা দিতে হবে;
৪) মাদরাসার প্রধান গেইটে "ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত" কথাটি অতি জরুরিভিত্তিতে লিখতে হবে;
৫) দ্রুত সময়ের মধ্যে বাউন্ডারী দেয়াল সম্পূর্ণ করতে হবে;
৬) মাদরাসার গুরুত্বপূর্ণ ফাইলসমূহ, দলিল ও কাগজ-পত্রাদি অত্যন্ত যত্নের সঙ্গে সাজিয়ে-গুছিয়ে রাখতে হবে;
৭) মাদরাসার সকল কক্ষ, বাথরুম, অযুখানা ও টয়লেট এবং চারিদিকের আঙিনা যথাযথভাবে পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে হবে;
৮) শিক্ষক-শিক্ষিকাদের হাজিরা নিয়মিত চেক করতে হবে এবং দেরীতে উপস্থিত হয়ে হাজিরা খাতায় স্বাক্ষর না করলে উপযুক্ত ব্যবস্থা নিতে হবে;
৯) মাদরাসার শিক্ষক-শিক্ষিকা, কর্মকর্তা-কর্মচারী ও সকল শিক্ষার্থীদেরকে নিয়মিত নামাজ পড়ার প্রতি যত্নবান হতে হবে;
১০) সকল ধরণের রেজিস্ট্রারের শুরুতে প্রত্যয়ন থাকতে হবে;
১১) ফাইলনোটের মাধ্যমে গভর্ণিং বডির সভায় অনুমোদন নিয়ে সকল লেনদেন সম্পন্ন করতে হবে;
১২) কুরআন শিক্ষার ওপর বিশেষ গুরুত্ব প্রদানের পাশাপাশি শিক্ষকদের মানোন্নয়নের জন্য প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে;
১৩) মাদরাসার ছাত্র-শিক্ষক মিলনায়তন/অডিটোরিয়ামকে আরও সুসজ্জিত করত: কম্পিউটার ল্যাব স্থাপন ও ডিজিটাল হাজিরা, সিসি টিভির ব্যবস্থা করার পাশাপাশি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট নিয়মিত ভিজিট করতে হবে এবং মাদরাসা সম্পর্কিত সকল নোটিশ সংশ্লিষ্ট মাদরাসার নোটিশ বোর্ডে প্রদর্শিত করা ছাড়াও মাদরাসার ফাইলে সংরক্ষণ করতে হবে;
১৪) শিক্ষার্থীদেরকে আদব-আমল-আখলাক শেখানোর পাশাপাশি তাদেরকে কো-কারিকুলার একটিভিটিজ তথা সাপ্তাহিক জলসা, কেরাত, হামদ-নাত, বক্তৃতা (বাংলা, আরবি, ইংরেজি), ক্যালিওগ্রাফি, সাহিত্য চর্চা, নাটিকা, খেলাধুলা, দেয়ালিকা প্রকাশ, বার্ষিকী প্রকাশ, বিতর্ক-রচনা প্রতিযোগিতা ইত্যাদি বিষয়ের ওপর বিশেষ গুরুত্ব দিতে হবে;
১৫) অধিভুক্তি নবায়নের মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে পুনঃ নবায়নের জন্য আবেদন করতে হবে;

মাননীয় ভাইস চ্যান্সেলরের অনুমোদনক্রমে

২২/১১/৮/২৫

(মোঃ আইউব হোসেন)
রেজিস্ট্রার ও মাদরাসা পরিদর্শক (অতিরিক্ত দায়িত্ব)
মোবাইল: ০১৭০৫ ৪০৮০০১

হয়বতনগর এ. ইউ. কামিল মাদরাসা
ডাকঘর: কিশোরগঞ্জ, উপজেলা: কিশোরগঞ্জ, জেলা: কিশোরগঞ্জ।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/ঢা-৪৮/২০১৬/১৫০৬৫

তারিখ: ০৪ ভাদ্র ১৪৩২ বঙ্গাব্দ
১৯ আগস্ট ২০২৫ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

১. মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
২. চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশীবাজার, ঢাকা-১২১১।
৩. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (একাডেমিক কাউন্সিল সভায় রিপোর্ট করার জন্য)।
৪. পিএস টু ভিসি, ভাইস চ্যান্সেলর দপ্তর (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
৫. আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৬. সভাপতি, হয়বতনগর এ. ইউ. কামিল মাদরাসা, ডাকঘর: কিশোরগঞ্জ, উপজেলা: কিশোরগঞ্জ, জেলা: কিশোরগঞ্জ।
৭. অফিস নথি।

19.08.2025
(আরিফ আহমদ)
সহকারী মাদরাসা পরিদর্শক
মোবাইল: ০১৭১৯ ৯৫০৭৭৫